গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাননীয় উপদেষ্টার দপ্তর
কৃষি মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।

**তথ্যবিবরণী**

## কৃষিতে  উৎপাদন বাড়াতে হবে - কৃষি উপদেষ্টা

তারিখ: ২১ আগস্ট ২০২৪ খ্রি:

কৃষি উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল (অব:) মোঃ জাহাঙ্গীর আলম চৌধুরী বলেছেন, কৃষিতে উৎপাদন বাড়াতে হবে। কৃষি উপদেষ্টা আজ সচিবালয়ে কৃষি মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর/সংস্থা প্রধানদের সাথে মতবিনিময়কালে একথা বলেন।

উপদেষ্টা বলেন, উৎপাদন বাড়াতে গুণগত বীজ সরবরাহ করতে হবে। যে বীজ কৃষকের কাছে যায় সেগুলো যেন গুণগত মান সম্পন্ন হয়, বীজের মান ভালো না হলে ফসল ভালো হবে না। উপদেষ্টা সার প্রসঙ্গে বলেন, সারের কোন সমস্যা নেই, কিন্তু কৃষকের কাছে সারটা যেন সময়মত পৌঁছে এটা নিশ্চিত করতে হবে, সাপ্লাই চেইন ঠিক রাখতে হবে।

উৎপাদন বাড়াতে বীজ ও সারের পাশাপাশি কৃষিতে যান্ত্রিকীকরন প্রসঙ্গে উপদেষ্টা বলেন, যান্ত্রিকীকরনের ক্ষেত্রে কৃষকদের কর্মসংস্থানের বিষয়টিও গুরুত্বের সাথে বিবেচনায় রাখতে হবে।

দুর্নীতির বিরুদ্ধে কঠোর অবস্থানের কথা জানিয়ে উপদেষ্টা বলেন, দুর্নীতিকে কোন ধরনের প্রশ্রয় দেয়া হবে না। কোন দুর্নীতিবাজের জন্য কোন সুপারিশ গ্রহণ করা হবে না। কৃষকেরা দুর্নীতির কারনে বঞ্চিত হচ্ছে। মধ্যস্বত্বভোগী ও অসাধু শ্রেণির জন্য কৃষক দাম পায় না।

ছাত্র-জনতার আন্দোলনের প্রসঙ্গ টেনে উপদেষ্টা বলেন, যে আন্দোলন হয়েছে তা শুধু কোটা বিরোধী আন্দোলন নয়, এটা দুর্নীতির বিরুদ্ধেও আন্দোলন।

উপদেষ্টা কৃষিখাত নিয়ে দপ্তর প্রধানদের সাথে মতবিনিময়কালে বলেন দেশে যদি কোন বিপ্লব করে থাকে কৃষি মন্ত্রণালয় করেছে। সাড়ে সাত কোটি লোকের খাদ্য যে জমি দিয়ে উৎপাদন হতো, সে জমির পরিমান কমে গেলেও  কিন্তু সাড়ে সতের কোটি লোকের খাদ্য উৎপাদন হচ্ছে। এ কৃতিত্ব কৃষি সংশ্লিষ্ট সবার।

উপদেষ্টা  কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর ও সংস্থার মাঠ পর্যায়ের কর্মকর্তা-কর্মচারীদের কর্মস্থলে থেকে কৃষকদের সেবা নিশ্চিত করতে নির্দেশ দেন।

মতবিনিময় সভায় কৃষি সচিব ড. মোহাম্মদ এমদাদ উল্লাহ মিয়ানসহ মন্ত্রণালয়ের উর্ধ্বতন কর্মকর্তাকে ও দপ্তর /সংস্থা প্রধানগণ উপস্থিত ছিলেন।

স্বাক্ষরিত/-
মোহাম্মদ জাকির হোসেন
সিনিয়র তথ্য অফিসার
কৃষি মন্ত্রণালয়
৯৫১৪৭৭৬
মেইল: jakaria.samin10@gmail.com

